

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. ( Honours, Major, General ) Examinations, 2013**

**PART- III ( Honours )**

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫
- ক) কালিদাসের দুটি নাটক অবলম্বনে তাঁর নাট্যপ্রতিভার পরিচয় দিন। ৭½ + ৭½ = ১৫
- খ) বাণভট্টের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সংস্কৃত সাহিত্যে তাঁর স্থান নির্ণয় করুন। ১০ + ৫ = ১৫
- গ) জয়দেবের ব্যক্তি পরিচয় ও আবির্ভাবকালের পরিচয় দিয়ে তাঁর রচিত 'গীতগোবিন্দ' কাব্যের বিষয়বস্তু বিশ্লেষণ করুন। বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন। ২½ + ২½ + ৫ + ৫ = ১৫
- ২। যে কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ১ × ৫ = ৫
- ক) কুমারসম্ভব খ) মুচ্ছকটিক
- গ) মালতীমাধব ঘ) হর্ষচরিত
- ঙ) উত্তর রামচরিত।
- ৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫
- ক) জন কীটসের কবিকৃতির পরিচয় দিয়ে রোমান্টিক কবিদের মধ্যে তাঁর স্বাতন্ত্র্য নির্দেশ করুন। ১০ + ৫ = ১৫
- খ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য বার্নার্ড শ' আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার ? আলোচনা করুন। ১৫
- গ) চার্লস ডিকেন্সের দুটি উপন্যাসের কাহিনী সংক্ষেপে লিখুন। বাংলা সাহিত্যের কোন্ উপন্যাসিকের সঙ্গে তাঁর তুলনা করা হয়, ডিকেন্সের রচনার বৈশিষ্ট্য উল্লেখ করে তা দেখান। ৭½ + ৭½ = ১৫

৪। যে কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ১ × ৫ = ৫

- ক) ম্যাকবেথ খ) প্যারাডাইস লস্ট  
 গ) দ্য অয়েভারলি ঘ) দ্য লিরিক্যাল ব্যালাডস্  
 ঙ) ওড্ টু দ্য ওয়েস্ট উইন্ড।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

- ক) আধুনিক হিন্দী নাট্যসাহিত্যে ভারতেন্দু হরিশ্চন্দ্রের ভূমিকাটি বিবৃত করুন। ১৫  
 খ) আধুনিক হিন্দী সাহিত্যের প্রখ্যাত কবি 'নিরাদা'র সাহিত্যসৃষ্টির সম্যক পরিচয় দিন। ১৫  
 গ) “হিন্দী উপন্যাস সাহিত্যে প্রেমচন্দ্রের দান অনস্বীকার্য হলেও ছোটগল্পের ক্ষেত্রে তিনি অনন্য” — আলোচনা করুন। ১৫

৬। যে কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ২ × ৫ = ১০

- ক) সেবাসদন  
 খ) নীহার  
 গ) মৈলা আঁচল  
 ঘ) শতরঞ্জ কী খিলাড়ী  
 ঙ) রসুল মিন্দী  
 চ) অনামিকা।

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

- ক) ‘ধ্বনিরাত্না কাব্যস্য’ — ব্যাখ্যা করুন। ১৫  
 খ) “দরদী লোকের সুকাব্যজনিত চিত্তের অনুভূতি বিশেষের নামই ‘রস’। সুতরাং বলা যেতে পারে কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্য পাঠকের মন” — আলোচনা করুন। ১৫  
 গ) কাব্যনির্মাণ কৌশলের ক’টি ভাগ এবং কি কি ? ভাগগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করে কীভাবে রসোনিষ্ঠতা হয় তা দেখান। ৩ + ১২ = ১৫

৮। যে কোনো একটি বিষয়ে টীকা লিখুন :

১ × ৫ = ৫

- ক) রীতিরাত্না কাব্যস্য  
খ) কাব্যং গ্রাহ্যম্ অলংকারাৎ  
গ) বাচ্যার্থ।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

১ × ১৫ = ১৫

- ক) রবীন্দ্রনাথের 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অনুসরণে সংযমের সঙ্গে সৌন্দর্যের সম্পর্কটি বিচার করুন। ১৫
- খ) "চিত্র এবং সঙ্গীত সাহিত্যের প্রধান উপকরণ।" — কোন্ রচনার অংশ ? কীভাবে চিত্র ও সঙ্গীত সাহিত্যের উপকরণ হয়ে উঠেছে তার ব্যাখ্যা করুন। ২ + ১৩ = ১৫
- গ) "মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।" — মন ও সাহিত্য কেন প্রকৃতির আরশি নয় রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দিন। ১৫